

কবি সন্মেলন

বর্ষা বাইরে। আমরা কজন ছড়িয়ে ছিটিয়ে বসে।
 তত্তপোষে, মেজে। মাদুরে চেয়ারে। শংকরের বাড়ি।
 কবি সন্মেলন। মাঝেমাঝে সধুম চায়ের কাপ।
 সঙ্গে তেলেভাজা, মুড়ি, লংকা। বর্ষা বুরবুর। ঝরে
 একঘেয়ে। রাখল দেবরাজ চিত্ত কবিতা পড়ছে।
 গ্রন্থনা করছেন এক শ্বেট কবি।

পীরবাবা তাঁর সাদা ঘোড়া বসিয়ে রেখেছেন
 কবিরাতো বেহেস্তে যাবেন
 মসজিদে আজান। মন্দিরের শঙ্খধ্বনি। সন্ধ্যা ধীরে
 গাঢ় হয়ে এখন রাত্রির কালো বিছানায় লীন।

বারান্দায় একটি কালোবিড়াল। বহুক্ষণ।
 ঘুরঘুর। হাওয়া ঘুরঘুর তুরতুর বর্ষা। ঘুরঘুর বিড়াল।
 চেটে পুটে খেয়ে নিচ্ছে শব্দকাঁটা।
 কবে যে চুলের কাঁটারুপো জ্যোৎস্না হবে?
 শবযাত্রা। হাওয়া ও বর্ষার অনুগামী হওয়া
 কবি সন্মেলন। ঘুরঘুরবিড়াল। থাবা খুব
 নরম তুলতুলে।

মঞ্জুষ দাশগুপ্ত

